



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EINN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭

e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 0921-63427




তারিখ: ০৮/১০/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

কুমুদিনী সরকারি কলেজ কর্তৃক প্রকাশিতব্য কলেজ ম্যাগাজিনের জন্য শিক্ষার্থীদের নিকট লেখা আহ্বান করা হয়েছে। ইতোমধ্যে অনেক শিক্ষার্থী লেখা জমা দিয়েছেন। কিন্তু পরিতাপের বিষয়, প্রায় ৪০% লেখা বিখ্যাত লেখকদের অপরিচিত লেখা হুবহু কপি করে শিক্ষার্থীরা জমা দিয়েছেন। অনেকে নজরুলের অপরিচিত গান, সৈয়দ শামসুল হকের কবিতা এবং এমন অন্যান্য লেখকদের লেখা কপি করে নিজের নামে পাঠিয়েছেন যেটা 'প্লেজিয়ারিজম' নামে এক ধরনের গুরুতর অপরাধ বলে গণ্য হয় সভ্য জগতে।

একাদশ শ্রেণিতে নবাগত শিক্ষার্থীসহ সকল স্তরের শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় তথ্যসহ মৌলিক লেখা প্রেরণের আহ্বান করা যাচ্ছে। লেখা হতে হবে স্বকীয় কল্পনাপ্রসূত এবং বিশুদ্ধভাবে স্বেপার্জিত। আগামী ২০.১০.২০২০ তারিখের মধ্যে লেখা পাঠাতে হবে।


০৮/১০/২০২০
অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ
টাঙ্গাইল।